তারিখ: 25 MAY 2016
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৬ ...

সংবাদ

# সারাদেশে শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদ অব্যাহত



*নারায়ণগঞ্জে প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছিত করার প্রতিবাদে গাইবান্ধায় মানববন্ধন -সংবাদ*

## গাইবান্ধা

নারায়রগঞ্জে প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছিত করার প্রতিবাদে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় কলেজ শিক্ষক সমিতি ও মাধ্যমিক শিক্ষক সমিতির উদ্যোগে গত রবিবার গাইবান্ধা শহরের ১ নং ট্রাফিক মোড়ে শিক্ষক-কর্মচারীরা মানববন্ধন কর্মসূচি পালন করে। মানববন্ধনে শিক্ষক-কর্মচারিরা প্রতীকী কান ধরে এই ন্যক্কারজনক ঘটনার তীব্র প্রতিবাদ জানান। মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন বাকবিশিস সভাপতি কে.এম নেয়ামুল হাসান, প্রধান শিক্ষক মাহবুল আলম কোট, মোস্তাফিজুর রহমান, সফিউল ইসলাম, তপন কুমার, নাসরিন সুলতানা। বক্তরা অবিলম্বে প্রধান শিক্ষক লাঞ্ছনাকারী সংসদ সদস্যসহ তার দোসরদের গ্রেফতার ও শাস্তি দাবি করেন।

## কুলিয়ারচর

প্রতিনিধি, কুলিয়ারচর, (কিশোরগঞ্জ)

নারায়ণগঞ্জের স্কুল শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছিত করার প্রতিবাদে ও জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে গত রোববার কুলিয়ারচর প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন উপজেলার বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ।

বাংলাদেশ শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার উদ্যেগে দুপুর ১২টা থেকে বেলা ১টা পর্যন্ত এই কর্মসূচি পালন করে।

বাংলাদেশ শিক্ষক সমিতি কুলিয়ারচর উপজেলা শাখার সভাপতি ও প্রধান শিক্ষক শাহ মো. ফজলুল হক ও সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক আব্দুল কাদিরের নেতৃত্বে উপজেলার মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা উক্ত মানববন্ধনে অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ছয়সূতী ইউপি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুস্তাকুর রহমান বাদল, এমাদ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুধাংশু সূত্রধর, বীরকাশিম নগর এফ.ইউ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রিয়াজুল করিম, কুলিয়ারচর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক স্বপন কুমার দাস প্রমুখ।

উল্লেখ্য, বক্তরা ন্যাক্কারজনক এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে এর সুষ্ঠু বিচার না করা হলে কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন।

## মধুখালী (ফরিদপুর)

গত রোববার বেলা ১১ থেকে ১২টা পর্যন্ত ঘণ্টাব্যাপী ফরিদপুরের মধুখালীতে নারায়নগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তের ওপর স্কুল ম্যানেজিং কমিটি ও জাতীয় পার্টির সাংসদ সেলিম ওসমানের দ্বারা নির্যাতন ও লাঞ্ছনার প্রতিবাদে ঢাকা-খুলনা মহাসড়কের রেলগেট এলাকায় বাংলাদেশ শিক্ষক সমিতি ও উদীচী শিল্পী গোষ্ঠী মধুখালী শাখা এক মানববন্ধন কর্মসূচি পালন করে। মানববন্ধন কর্মসূচিতে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

শিক্ষক সমিতির মধুখালী শাখার সভাপতি মো. আলি আকবরের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা সিপিবির সভাপতি আব্দুল মালেক সিকদার, আখ চাষী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ দীলীপ কুমার গোস্বামী, উপজেলা মাসিককপের সভাপতি রবীন্দ্র নাথ গুহ, সাধারণ সম্পাদক রজব আলী মোল্যা, উপজেলা উদীচীর সাধারণ সম্পদক উৎপল কুমার ভৌমিক, কমরেড নজরুল ইসলাম, সমরেন্দ্র নাথ বসু, সমীর কুমার জোয়াদ্দার, কবিরুল ইসলাম, আব্দুল মান্নান মোল্যা, অচিন্ত কুন্ডু, সামছুল হক, আব্দুর রাজ্জাক, দেবাশীষ দাস, আবুল বাসার বাদশা, দিপাংকর পাল, মাহফুজুর রহমান প্রমুখ। বক্তাগণ অবিলম্বে দোষী ব্যক্তিদের বিচারের আওতায় এনে শুষ্ঠু বিচারের দাবি জানান।

## মাদারীপুর

নারায়নগঞ্জের শিক্ষক শ্যামল কান্তি ভক্তের লাঞ্ছনার প্রতিবাদে ও দোষীদের বিচারের দাবীতে আজ রবিবার (২২ এপ্রিল) সকালে মাদারীপুর প্রেসক্লাবের সামনে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) মাদারীপুর জেলার শাখার উদ্যোগ এক মানববন্ধন ও প্রতিবাদ সভার আয়োজন করা হয়। মানববন্ধন ও প্রতিবাদ সভায় বাকবিশিস মাদারীপুর জেলা শাখার সভাপতি অধ্যাপিকা তাহমিনা বেগমের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাকবিশিস মাদারীপুর জেলা শাখার সাধারণ সম্পাদক অধ্যাপক ড. বশীর আহম্মদ, বাকবিশিস মাদারীপুর সদর উপজেলার সভাপতি মো. ওয়াহিদুজ্জামান, বাকবিশিস সদর উপজেলার সাধারণ সম্পাদক প্রাণতোষ মন্ডল, বাকবিশিস মাদারীপুর জেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক রামকৃষ্ণ পাল, বাকবিশিস মাদারীপুর জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মো. আহসান হাবিব হিরু। সভায় বক্তরা নারায়নগঞ্জের শিক্ষক শ্যামল কান্তি ভক্তের লাঞ্ছনার প্রতিবাদ জানান এবং এ ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের অবিলম্বে দৃষ্টান্তমূলক বিচারের দাবি করেন। মানববন্ধন ও প্রতিবাদ সভায় জেলার বিভিন্ন শিক্ষক-প্রতিষ্ঠানের শিক্ষকরা অংশগ্রহণ করেন।